

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
প্রশাসন-১ শাখা
www.emrd.gov.bd

নম্বর: ২৮.০০.০০০০.০২০.১২.০০৫.২৪.৩৩

তারিখ: ০৯ মাঘ ১৪৩২
২৯ জানুয়ারি ২০২৬


প্রজ্ঞাপন

‘বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বহির্ভূত গেজেটেড কর্মকর্তা এবং নন-গেজেটেড কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৪ (সংশোধিত-২০২০) এবং বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ২৭ জানুয়ারি ২০২৬ তারিখের ৮০.০০.০০০০.১০৫.১২. ০০৩.২৬-১৫ সংখ্যক স্মারকের সুপারিশের প্রেক্ষিতে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের নিম্নবর্ণিত কর্মচারীকে জাতীয় বেতন স্কেল, ২০১৫-এর বেতনক্রম ১৬,০০০-৩৮,৬৪০/- (১০ম গ্রেড) অনুযায়ী নিয়োক্ত শর্তে প্রশাসনিক কর্মকর্তার শূন্য পদে পদোন্নতি প্রদান করা হলো:

ক্রম	কর্মচারীর নাম ও পূর্ববর্তী পদবি	পদোন্নতিপ্রাপ্ত পদবি
১।	শেখ বেলাল হোসেন, অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক	প্রশাসনিক কর্মকর্তা

পদোন্নতির শর্তাবলী:

- ক. বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বহির্ভূত গেজেটেড কর্মকর্তা এবং নন-গেজেটেড কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৪ এর বিধি ৬(১)(খ) মোতাবেক পদোন্নতিপ্রাপ্ত কর্মকর্তাকে যোগদানের তারিখ থেকে ০১(এক) বছরের জন্য শিক্ষানবিস হিসাবে নিয়োগ করা হলো। তবে শর্ত থাকে যে, কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করে কোন শিক্ষানবিসের শিক্ষানবিসির মেয়াদ এইরূপ বৃদ্ধি করতে পারবেন যাতে বর্ধিত মেয়াদ বা মেয়াদসমূহ সর্বসাকুল্যে ০২ (দুই) বৎসরের অধিক না হয়;
- খ. একই বিধিমালা মোতাবেক শিক্ষানবিসকালে কর্মকর্তার আচরণ ও কর্ম সন্তোষজনক বিবেচিত না হলে অথবা কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা না থাকলে নিয়োগকারী কর্তৃপক্ষ তাকে পূর্বতন পদে প্রত্যাবর্তন করাতে পারবেন;
- গ. শিক্ষানবিসের মেয়াদ সন্তোষজনকভাবে পূর্ণ হওয়ার পর অন্যান্য শর্তাদি পূরণসাপেক্ষে এবং সংশ্লিষ্ট বিধি-বিধানের আলোকে তার চাকরি স্থায়ীকরণ করা হবে; এবং
- ঘ. এ আদেশে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ ক্ষেত্রে পদোন্নতি প্রাপ্ত কর্মকর্তা চাকরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি, প্রবিধি, আদেশ এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান দ্বারা নিয়ন্ত্রিত হবে।
- ২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।


রাষ্ট্রপতির আদেশক্রমে,

সাবরিনা আফরিন মুস্তাফা
সিনিয়র সহকারী সচিব
☎: +৮৮০২-৯৫১৪১৬৫
✉: admsec1@emrd.gov.bd

নম্বর: ২৮.০০.০০০০.০২০.১২.০০৫.২৪.৩৩/১(৯)

তারিখ: ০৯ মাঘ ১৪৩২
২৯ জানুয়ারি ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা
- ৩। উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশপূর্বক জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে ৩০ (ত্রিশ) কপি অনুলিপি প্রেরণের অনুরোধসহ)
- ৪। সচিবের একান্ত সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৫। সিস্টেম এনালিস্ট, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ (প্রজ্ঞাপনটি এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৬। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, ঢাকা
- ৭। হিসাবরক্ষণ কর্মকর্তা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৮। অতিরিক্ত সচিব (প্রশাসন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৯। শেখ বেলাল হোসেন, প্রশাসনিক কর্মকর্তা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা


সাবরিনা আফরিন মুস্তাফা
সিনিয়র সহকারী সচিব